

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
আশ্রয়ণ-২ প্রকল্প  
তেজগাঁ, ঢাকা।

স্মারক নং- ০৩.৭০৩.০১৪.০০.০০.১৩৩২.২০১৬. ৮-৩০

তারিখ: ২৬/১০/২০১৬খ্রি.

**বিষয়: সবার জন্য বাসস্থান নিশ্চিতকরণ।**


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ইতোমধ্যে বিভিন্ন উপজেলা হতে প্রেরিত নিজ জমিতে গৃহ নির্মাণ সংক্রান্ত ‘খ’ তালিকাভুক্ত পরিবারসমূহের বর্তমান অবস্থা দৈবচয়ন পদ্ধতিতে যাচাই করা হয়েছে। যাচাইয়াস্তে দেখা গেছে তালিকায় অন্তর্ভুক্ত প্রায় ৫০% এর অধিক পরিবারের নিজস্ব ঘর রয়েছে, ফলে আশ্রয়ণ প্রকল্প হতে তাদের ঘর নির্মাণ করে দেয়ার প্রয়োজন নেই। আবার এমন অনেক পরিবার তালিকায় অন্তর্ভুক্ত হয়নি, যারা তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার যোগ্য অর্থাৎ তাদের নিজস্ব কোন বাসস্থান নেই।

০২। গৃহহীন পরিবারের তালিকা প্রণয়নে অনেক ক্ষেত্রেই পরিবারসমূহকে যথাযথভাবে তালিকাভুক্ত করা হয়নি। এক্ষেত্রে “ক” শ্রেণিতে যাদের জমি ও ঘর কোনটিই নেই এমন গৃহহীন, ভূমিহীন ও ছিন্নমূল পরিবারকে বুঝাবে। “খ” শ্রেণিতে যাদের (১-১০) শতাংশ জমি আছে, কিন্তু নিজের কোন ঘর নেই/থাকার ব্যবস্থা নেই এমন পরিবার বুঝাবে। “গ” শ্রেণি বলতে এমন পরিবার বুঝাবে যাদের (১-১০) শতাংশ জমি আছে এবং থাকার জন্য জরাজীর্ণ বা বসবাস অনুপযোগী ঘর আছে এমন পরিবার বুঝাবে।

০৩। কিন্তু মাঠ প্রশাসন হতে প্রাপ্ত “খ” তালিকা যাচাই করে দেখা গেছে তালিকায় অন্তর্ভুক্ত অনেক পরিবারেরই থাকার জন্য নিজস্ব ঘর/জরাজীর্ণ ঘর আছে।

০৪। বর্ণিতাবস্থায়, অনুচ্ছেদ ০২ অনুসরণে তালিকা প্রণয়ন করে প্রকল্প কার্যালয়ে সফট কপি সহ ([ashrayanpmo@gmail.com](mailto:ashrayanpmo@gmail.com)) শুধু তালিকা অতি দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অত্যন্ত জরুরী।



(এস এম হামিদুল হক)  
উপ-প্রকল্প পরিচালক  
☎: ৯১১৪৩২১

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপিঃ

০১। জেলা প্রশাসক, ----- (সকল)

(তাকে ব্যক্তিগতভাবে কাজটি তদারকি করতে অনুরোধ করা হলো।

০২। মুখ্যসচিব/সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় (মুখ্য সচিব/সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০৩। অফিস কপি।